# মাতৃত্বের বেতন এবং মাতৃত্বের বেনিফিটগুলি

## মাতৃত্বের ছুটির সময় অর্থপ্রাপ্তির ব্যবস্থা

মাতৃত্বের ছুটির সময়ে আপনি হয়ত: স্ট্যাটুটোরি ম্যাটারনিটি পে (SMP) / আইনত: মাতৃত্বের বেতন এবং/অথবা কন্ট্রাটচুয়েল মেটরআনিটি পে/চুক্তিমূলক মাতৃত্বের বেতন পেতে পারেন।

আপনি চাকরি করছেন কিন্তু স্ট্যাটুটোরি ম্যাটারনিটি পে (SMP) /আইনত: মাতৃত্বের বেতন পাওয়ার যোগ্যতা নেই, তাহলে আপনার হয়ত: জবসেন্টার প্লাসের দ্বারা ম্যাটারনিটি এ্যালাউন্স অথবা ইনক্যাপাসিটি বেনিফিট পাওয়ার যোগ্যতা থাকতে পারে।

২০০৩-০৪ সালের এপ্রিল মাস পর্য্যন্ত এই হিসাবগুলি সঠিক

## আইনতঃ মাতৃত্বের বেতন

আইনতঃ মাতৃত্বের বেতন/স্ট্যাটুটোরি ম্যাটারনিটি পে হচ্ছে ন্যূনতম মাতৃত্বের বেতন, যেটা আপনার যোগ্যতা থাকলে আপনার নিয়োগকর্তাকে/মনিবেকে, দিতে হবে। তবে এটা পাওয়ার জন্য কতকগুলি শর্ত পূরণ করতে হবে। আপনার নিয়োগকর্তা/মনিব আপনাকে যে পরিমান বেতন দেবেন, তার অন্তত: শতকরা ৯২ ভাগ ইনল্যান্ড রেভিন্যু থেকে ফেরত পাবেন।

মাতৃত্বের ছুটির শেষে আপনি যদি ঠিক করেন আপনি আর কাজে ফিরে যাবেন না, তাহলেও আপনাকে সেই অর্থ ফেরত দিতে হবে না।

## আইনত: মাতৃত্বের বেতনের পরিমান

আইনত: মাতৃত্বের বেতন/স্ট্যাটুটোরি ম্যাটার্নিটি পে ২৬ সপ্তাহ পর্যন্ত দেওয়া হতে পারে। এটাকে বলা হয় মাতৃত্বের বেতনের সময়/ম্যাটার্নিটি পে পিরিয়ড। এটা দুইটি পরিমানে দেওয়া হয়ে থাকে।

- প্রথম ছয় সপ্তাহ আপনার মোটামুটি আয়ের শতকরা ৯০ ভাগ। আর্থিক পরিমান কতটা হবে তার কোন উচ্চতম সীমা নেই; এবং
- বাকী ২০ সপ্তাহ১০০ পাউন্ড করে অথবা আপনার মোটামুটি আয়ের শতকরা ৯০ ভাগ যদি সেটা ১০০ পাউন্ডের কম হয়।

## আইনত: মাতৃত্বের বেতন পাবার যোগ্যতা

আপনি আইনত: মাতৃত্বের বেতন/স্ট্যাটুটোরি ম্যাটারনিটি পে পাবার যোগ্যতা থাকে যদি:

- সন্তানের জন্মের সম্ভাব্য সপ্তাহের /এক্সপেক্টেড উইক অফ কনফাইনমেন্টের ১৫ সপ্তাহ আগে, যেটাকে বলা হয় যোগ্যতার সপ্তাহ, আপনাকে আপনার বর্তমান নিয়োগকর্তা মনিবের কাছে একসঙ্গে অন্তত: ২৬ সপ্তাহ কাজ করতে হবে।
- যোগ্যতার সপ্তাহের শেষে যেদিন বেতন পাবার কথা সেই দিন পর্যন্ত ৮ সপ্তাহের, যেটার পরিমান বর্তমানে ৭৭ পাউন্ড, ন্যাশনাল ইন্সিওরেন্সের জন্য আপনার আয়ের  সমান পরিমান, অথবা বেশি। আপনার বেতন যদি সাপ্তাহিক না হয়ে অন্যভাবে হয়, যেমন:  মাসিক তাহলে এই হিসাব ভিন্নভাবে করা হবে।

ন্যূনতম আয়ের সীমা হল যেখানে আপনি ন্যাশনাল ইনসিওরেন্স দিতে আরম্ভ করেন। তবে আপনি প্রাথমিক রোজগারের সীমায় না পৌঁছানো পর্যন্ত আপনাকে ন্যাশনাল ইনসিওরেন্স দিতে হবে না।

### আপনি যদি প্রাসঙ্গিক সময়ে অসুস্থ থাকেন

আপনি যদি এই সময় অসুস্থ থাকেন এবং আইনত: অসুস্থতার বেতন/স্ট্যাটুটোরি সিক পে পেয়ে থাকেন তাহলে আপনার আইনত: মাতৃত্বের বেতন/স্ট্যাটুটোরি ম্যাটারনিটি পে হয়ত: কমে যেতে পারে অথবা আপনার আইনত: মাতৃত্বের বেতন পাওয়ার যোগ্যতা একেবারে নাও থাকতে পারে।

### আপনার যদি আইনত: মাতৃত্বের বেতন/স্ট্যাটুটোরি ম্যাটারনিটি পে পাওয়ার যোগ্যতা না থাকে।

সাতদিনের ভিতর আপনার নিয়োগকর্তা/মনিব অবশ্যই :

- আপনি যে মাতৃত্বের বেতন পাওয়ার যোগ্যতা অর্জন করেন নি, সেটা আপনার নিয়োগকর্ত্তকে/মনিবকে, আপনাকে এস.এম পি১ (SMP1....) ফর্মে কেন আপনাকে সেটা দেওয়া যাবে না সেটা বিস্তারিতভাবে জানাতে হবে।
- আপনার এম এ টি বি১ (MATB1) ফর্ম ফেরত দিতে হবে, যাতে আপনি জব সেন্টার প্লাস থেকে ম্যাটার্নিটি এ্যালাউন্সের দাবী করতে পারেন।

## আইনত: মাতৃত্বের বেতন পাবার আরম্ভের দিন

আইনত মাতৃত্বের বেতন, আপনার সন্তানের যে সপ্তাহে জন্ম হওয়ার কথা, তার আগের ১১ সপ্তাহের প্রথম দিন থেকে দেওয়া হতে পারে। মাতৃত্বের বেতনের সময়, সাধারনত: আপনি যে সপ্তাহে কাজ করা বন্ধ করেন, তার পরের সপ্তাহ থেকে দেওয়া আরম্ভ হয়। তবে এই জন্য আপনাকে আপনার নিয়োগকর্তাকে/মনিবকে, আপনার অন্তত: ২৮ দিনের নোটিশ দিতে হবে।

কোন দিন থেকে আপনার মাতৃত্বের বেতনের সময় আরম্ভ হবে সে আপনাকে ঠিক করতে হবে। তবে, আপনি যদি:

- আপনার সন্তানের জন্মের সম্ভাব্য সপ্তাহের চার সপ্তাহ অথবা তার পরে আপনি যদি এই ব্যাপারে কোন অসুস্থতায় ভোগেন তাহলে যেদিন থেকে আপনি অসুস্থতার জন্য কাজে আসতে পারবেন না তার পরের দিন থেকে আপনি আইনত: মাতৃত্বের বেতন পেতে আরম্ভ করবেন; অথবা
- যেদিন আপনার সন্তানের জন্ম হওয়ার কথা, এর আগেই যদি তার জন্ম হয়ে যায় তাহলে তার পরের দিন থেকেই আপনার মাতৃত্বের বেতনের সময়  আরম্ভ হয়ে যাবে।

আইনত: মাতৃত্বের বেতন আপনার সাধারন বেতনের মতই দেওয়া হবে। তার মানে হল প্রত্যেক সপ্তাহে বা মাসে এর থেকে ট্যাক্স এবং ন্যাশনাল ইনন্সিওরেন্স কেটে নেওয়া হবে।

## আইনত: মাতৃত্বের বেতনের ব্যাপারে আপনার নিয়োগকর্তা/মনিবের সঙ্গে বিরোধ

আপনার নিয়োগকর্তা/মনিব যদি আইনত: মাতৃত্বের বেতন দিতে অস্বীকার করেন, অথবা আপনি মনে করেন যে আপনার আইনত: মাতৃত্বের বেতনের হিসাবে ভুল হয়েছে, তাহলে তাদের কাছে লিখিত বিবৃতি অথবা এস এম পি১ ( SMP1) ফর্ম চাইতে পারেন।

এর পরও যদি আপনি তাদের সঙ্গে একমত না হন তাহলে আপনার ইউনিয়নের প্রতিনিধির সঙ্গে এই নিয়ে আলোচনা করুন অথবা কর্মক্ষেত্রের নালিশের পদ্ধতি  ব্যবহার করুন। যদি এতেও কাজ না হয়, তাহলে যেদিন থেকে আপনি মাতৃত্বের বেতন পেতে আরম্ভ করেছেন, অথবা পাওয়ার কথা, সেই দিন থেকে ছয় মাসের মধ্যে আপনার স্থানীয় ইনল্যান্ড রেভিনিউ অফিসারের কাছে একটি বিধিমত সিদ্ধান্ত নেয়ার জন্য অনুরোধ করুন।

ইনল্যান্ড রেভিনিউ অফিসারের সিদ্ধান্ত যদি আপনার পক্ষে যায় তাহলে আপনার নিয়োগকর্তা/মনিবকে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে আপনাকে আইনত: মাতৃত্বের বেতন দিতে হবে, অথবা তারা এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করতে পারেন। যদি তারা আপনাকে বেতন দিতে অসমর্থ হন, তাহলে শেষে ইনল্যান্ড রেভিনিউ আপনাকে আপনার বেতন

তলব দেবেন। আপনি হয়ত: একই সঙ্গে অথবা এর বদলে আপনার বকেয়া বেতন উদ্ধারের জন্য এমপ্লয়মেন্ট ট্রাইবুনালের কাছে অনুরোধ করতে পারেন।

আপনি যদি ইনল্যান্ড রেভিনিউর সিদ্ধান্তে একমত না হন, তাহলে আপীল করতে পারেন, তবে এর জন্য আপনার আইনের পরামর্শের প্রয়োজন হবে। আপনি একজন উকিল অথবা ল সেন্টার থেকে এই পরামর্শ পেতে পারেন।

### যোগ্যতার সপ্তাহের আগে বরখাস্ত অথবা বাড়তির/রিডানডেন্সির নোটিশ

আপনি কাজ করে যাচ্ছেন এবং আইনত: মাতৃত্বের বেতন পাওয়ার যোগ্যতা অর্জন করতে পারতেন, কিন্তু আপনার নিয়োগকর্তার/মনিবের আপনাকে আইনত: মাতৃত্বের বেতন না দেওয়া এড়ানোর জন্য, যোগ্যতার সপ্তাহকে, সাধারন কাজের সপ্তাহ বলে ধরেছেন। এক্ষেত্রে তিনি আপনাকে আইনত: মাতৃত্বের বেতন দিতে বাধ্য থাকবেন।

যদি আপনার ক্ষেত্রে এটা ঘটে তাহলে যেদিন থেকে আপনার আইনত: মাতৃত্বের বেতন পাবার কথা সেদিন থেকে ছয় মাসের ভিতর আপনি আপনার স্থানীয় ন্যাশনাল ইনন্সিওরেন্স অফিসে, ইনল্যান্ড রেভিনিউ অফিসারের কাছে আবেদন করুন।

আপনাকে যদি অন্য কোন কারণে যোগ্যতার সপ্তাহের আগে বরখাস্ত/ডিসমিস অথবা বাড়তি/রিডানডেন্ট করা হয়, তাহলে আপনি আইনত: মাতৃত্বের বেতন পাবেন না, এর পরিবর্তে আপনি ম্যাটারনিটি এ্যালাউন্স দাবী করতে পারেন।

## মাতৃত্বের ছুটির সময়ে যদি আপনি কাজ করেন তাহলে আপনার মাতৃত্বের বেতন

### আপনি আপনার নিয়মিত নিয়োগকর্ত্তা/মনিবের কাছে কাজ করছেন

সন্তান জন্ম হওয়ার আগে অথবা পরে আপনি যদি যে কোন একটি সপ্তাহে আপনার নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করেন তাহলে আপনি সেই সপ্তাহে আপনার মাসিক বেতন পেতে পারেন না। যদি আপনি কাজ করেন তাহলে, আপনি যে যে সপ্তাহে কাজ করবেন এমনকি আপনি যদি এক দিনের জন্যও কাজ করেন, সেই প্রত্যেক সপ্তাহের আইনত: মাতৃত্বের বেতন পাবেন না। প্রথমে আপনি কম পরিমানের আপনার মাসিক বেতন হারাবেন, এমন কি যদি আইনত:মাতৃত্বের বেতন সময়সীমার ছয় সপ্তাহের ভিতর এই কাজ করে থাকেন।

### যখন আপনি গর্ভবতী, তখন যদি অন্য কোন নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করে থাকেন

আপনি যখন সন্তান সম্ভবা তখন যদি দুইজন অথবা বেশী নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ/চাকরি করে থাকেন তাহলে, আপনার যদি উপযুক্ততা থেকে থাকে তাহলে আপনি তাদের সকলের কাছেই আইনত: মাতৃত্বের বেতন দাবী জানাতে পারবেন। সন্তান জন্মাবার আগে প্রত্যেক কর্ম/চাকরির আপনি কখন শেষ করবেন তার পর কখন আইনত: মাতৃত্বের বেতন নিতে আরম্ভ করবেন, সেটা আপনি আলাদা আলাদা ভাবে ঠিক করতে পারবেন।

প্রত্যেক নিয়োগকর্তা/মনিবের কাছ থেকে আপনার আইনত: মাতৃত্বের বেতন পাবার যোগ্যতা আলাদা আলাদাভাবে বিচার করা হবে। এর ফলে আপনি একজন বা বেশী নিয়োগকর্তা/মনিবের কাছে (সন্তান জন্মাবার আগে বা পরে) কাজ করতে পারবেন এবং অন্য নিয়োগকর্তা/মনিব যার কাছে কাজ করছেন না তার কাছ থেকেও মাতৃত্বের বেতন পেতে পারবেন।

### কোন নূতন নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করা

সন্তান জন্ম হওয়ার আগে আপনি কোন নূতন নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করতে পারবেন এবং বেতন পেতে পারবেন এবং একই সঙ্গে আপনার নিয়মিত নিয়োগকর্তা/মনিবের কাজ থেকেও আইনত: মাতৃত্বের বেতন পেতে পারবেন।

সন্তান জন্ম হওয়ার পর আপনি যদি কোন নূতন নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করেন তাহলে আপনার নিয়মিত নিয়োগকর্তা/মনিবের আপনাকে আইনত: মাতৃত্বের বেতন দেওয়ার দায়িত্ব শেষ হয়ে যাবে, আপনি যদি নূতন কাজ করা বন্ধ করেন তাহলেও আপনি এটা আর পাবেন না। তবে যদি আপনার নূতন নিয়োগকর্তা/মনিব আপনাকে আপনার যোগ্যতার সপ্তাহে কাজে নিয়োগ করেন কিন্তু তার আপনাকে আইনত: মাতৃত্বের বেতন দিতে না হয়, তাহলে আপনি সেই নিয়োগকর্তার কাছে সন্তানের জন্মের পর কর্ম/চাকরী করতে পারেন এবং একই সঙ্গে আপনার নিয়মিত নিয়োগকর্তা/মনিবের কাছ থেকে আইনত: মাতৃত্বের বেতন পেতে পারবেন।

## চুক্তিমূলক মাতৃত্বের বেতন/কনট্রাকচুয়াল ম্যাটারনিটি পে

চুক্তিমূলক মাতৃত্বের বেতন হল বাড়তি আর্থিক পরিমান যেটা আপনি সাধারন আইনত: মাতৃত্বের বেতনর উপরে আপনার নিয়োগকর্তা/মনিবের কাছ থেকে পেতে পারেন। চুক্তিমূলক মাতৃত্বের বেতন, আইনত: মাতৃত্বের বেতন থেকে কম হতে পারবে না।

আপনার নিয়োগকর্তা/মনিব যদি আপনাকে চুক্তিমূলক মাতৃত্বের বেতন দিয়ে থাকেন, তাহলে আপনি আপনার চাকরির চুক্তি ভাল করে পরীক্ষা করে দেখুন যে, সন্তান জন্মের পর যদি আপনি সেই কর্ম/চাকরিতে ফিরে না যান তাহলে সেই আর্থিক পরিমান আপনাকে ফেরত দিতে হবে কি না। যদি আপনাকে আপনার চুক্তিমূলক মাতৃত্বের বেতন ফেরত দিতে হয় তাহলে যে পরিমান ফেরত দিতে হবে সেটা হল কেবলমাত্র আইনত: মাতৃত্বের বেতনের পরিমানের বাড়তি পরিমান ফেরত দিতে হবে। কারণ আইনত: মাতৃত্বের বেতন কখনও ফেরত দিতে হয় না।

### মাতৃত্বের এলাউন্স

যে সকল মহিলারা গর্ভবতী অথবা সবে তাদের সন্তানের জন্ম হয়েছে,  তারা জব সেন্টার প্লাস থেকে মাতৃত্বের এ্যালাউন্স পেতে পারেন। কোন কারণে আপনার যদি আইনত: মাতৃত্বের বেতন পাবার অধিকার না থাকে তাহলে আপনার হয়ত: মাতৃত্বের এ্যালাউন্স পাবার অধিকার থাকতে পারে।

## মাতৃত্বের এ্যালাউন্সের পরিমান

মাতৃত্বের এ্যালাউন্স সাধারনত সপ্তাহে ১০০ পাউন্ড অথবা আপনার গড়পড়তা সাপ্তাহিক আয়ের ৯০ ভাগ, যদি সেটা ১০০ পাউন্ডের কম হয়।

## মাতৃত্বের এ্যালাউন্সের সময়সীমা

মাতৃত্বের এ্যালাউন্স বাচ্চার জন্মের ১১ সপ্তাহ আগে থেকে দেওয়া হতে পারে, তবে আপনি বাচ্চার জন্ম হওয়া পর্যন্ত কাজ করে যেতে পারেন এবং এর ফলে আপনি মাতৃত্বের এ্যালাউন্স হারাবেন না।

### মাতৃত্বের এ্যালাউন্স আরম্ভের তারিখ

আপনি সন্তান জন্মের ১১ সপ্তাহ আগে কাজ শেষ করতে পারেন, তবে আপনি যদি চান যে সপ্তাহে বাচ্চার জন্ম হবে সেই সপ্তাহ পর্যন্ত কাজ করে যেতে পারেন, এবং এর জন্য আপনি মাতৃত্বের এ্যালাউন্স হারাবেন না।

আপনি যে সপ্তাহে কাজ করা বন্ধ করবেন বলে পরিকল্পনা করেছেন, তার আগেই যদি সন্তানের জন্ম হয় তাহলে আপনার মাতৃত্বের এ্যালাউন্স সন্তানের জন্মের পরের দিন থেকে আরম্ভ হবে।

আপনার গর্ভাবস্থার শেষ চার সপ্তাহ যদি আপনি সন্তান সম্ভাবনা জনিত কোন রোগে অসুস্থ থাকেন তাহলে আপনার নিয়োগকর্তা/মনিব আপনার মাতৃত্বের ছুটির ব্যবস্থা আগেই করতে পারেন। যদি এরকম হয় তাহলে আপনি যেদিন থেকে অসুস্থ হবেন তার পর দিন থেকেই আপনি মাতৃত্বের এ্যালাউন্স পেতে আরম্ভ করবেন। আপনি যদি স্ব-নিযুক্ত ভাবে কাজ করেন এবং বাচ্চার জন্মের চার সপ্তাহ আগে থেকে সন্তান সম্ভাবনা জনিত কোন রোগে ভুগেন, তাহলে এই নিয়ম আপনার ক্ষেত্রেও প্রযোজ্য ।

আপনি যদি বেকার হন, তাহলে আপনার গর্ভবস্থার ২৯ সপ্তাহের পর প্রথম রবিবার থেকে আপনি মাতৃত্বের এ্যালাউন্স পেতে আরম্ভ করবেন।

### মাতৃত্বের এলাউন্স পাওয়ার শেষ দিন

মাতরত্বের এ্যালাউন্স আরম্ভ হওয়ার দিন থেকে ২৬ সপ্তাহ পর্যন্ত দেওয়া হবে।

## মাতৃত্বের এলাউন্সের সময়ে চাকরী

আপনি যদি এই সময় কাজ করেন তাহলে আপনার মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা থাকবেনা। এই ক্ষেত্রে কতদিনের জন্য আপনার মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা থাকবে না সেটা জবসেন্টার প্লাস ঠিক করবে। আপনি যদি মাঝে মধ্যে এক একটা দিন কাজ করেন তাহলে এই এ্যালাউন্স না পাওয়ার যোগ্যতা সেই কয়দিনের জন্যই হওয়া উচিত।

## মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা

## মাতৃত্বের এ্যালাউন্সের জন্য চাকরির শর্তগুলি

এটা পাওয়ার জন্য আপনাকে বর্তমানে কাজ/চাকরি করতে হবে না। তবে এই এ্যালাউন্স পাওয়ার যোগ্যতার জন্য হয়ত: কাজ/চাকরি চালিয়ে যেতে পারেন।

যে তারিখে আপনার সন্তানের জন্ম হবে, তার আগের সপ্তাহ পর্যন্ত ৬৬ সপ্তাহ "পরীক্ষামূলক সময়ের" ভিতর আপনাকে ২৬ সপ্তাহ কাজ/চাকরি করতে হবে। আপনাকে একসঙ্গে ২৬ সপ্তাহ কাজ করতে অথবা পুরা সপ্তাহ কাজ করতে হবে না।
এই "পরীক্ষামূলক সময়" বের করবার পদ্ধতি হল যে সপ্তাহে আপনার সন্তানের জন্ম হওয়ার কথা সেই সপ্তাহ অথবা সেই দিন যদি রবিবার হয়, তাহলে সেই সপ্তাহ বা সেই দিন থেকে আগের ৬৬টি রবিবারের হিসাব করুন।

আপনার কাজ হতে পারে নিযুক্তকারী ব্যক্তি এবং স্বনিযুক্তকারী ব্যক্তি, দুরকম মেশানো কাজ। আপনি যখন সন্তান সম্ভবা তখন আপনি কাজ বদলিয়েছেন এবং প্রত্যেক কাজ থেকে অল্প পরিমান আয় করেছেন। যে সপ্তাহগুলিতে আপনি কাজ করেছেন তার প্রত্যেক সপ্তাহগুলি হিসাব করা হবে।

## মাতৃত্বের এ্যালাউন্সের জন্য আয়ের শর্ত

আপনার সাপ্তাহিক আয় অন্তত: মাতৃত্বের এ্যালাউন্সের সীমার সমান হতে হবে যাতে আপনি 'পরীক্ষামূলক সময়ের' আরম্ভের মধ্যে পড়তে পারেন। বর্তমানে এই সীমা হল সপ্তাহে ৩০ পাউন্ড।

১৩ সপ্তাহ "পরীক্ষামূলক সময়ের" সাপ্তাহিক রোজগার হচ্ছে গড়পড়তা রোজগার। এই সপ্তাহগুলি একটার পর একটা হতে হবে না এবং যে সপ্তাহগুলিতে আপনি সবচাইতে বেশী রোজগার করেছেন, আপনি সেই সপ্তাহগুলি পছন্দ করতে পারেন যাতে আপনি বেশী পরিমান মাতৃত্বের এলাউন্স পেতে পারেন। আপনার সব চাকরীর রোজগার এবং স্ব-নিযুক্তভাবে যে রোজগার সবগুলিই এর জন্য হিসাব করা হতে পারে।

আপনার গড়পড়তা রোজগার হিসাব করার জন্য:

- আপনার "পরীক্ষার সময়ের" মধ্যে ১৩টি সপ্তাহ, যে সপ্তাহগুলিতে আপনি সবচাইতে বেশী রোজগার করেছেন, সেই সপ্তাহগুলি পছন্দ করেন। আপনি যদি একজনের বেশী নিয়োগকর্তা/মনিবের কাছে কাজ করেন, সেই সবগুলিই এর মধ্যে অন্তর্ভুক্ত করতে পারেন;
- এই সপ্তাহগুলিতে যত রোজগার করেছেন সেইগুলি সব একসঙ্গে যোগ করুন; এবং
- ১৩ দিয়ে ভাগ করুন যদি এর গড়পড়তা ৩০ পাউন্ড অথবা বেশী হয় তাহলে আপনার মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা থাকবে। যদি এটা না হয় তাহলে আপনি হয়ত ইনক্যাপাবিলিটি বেনিফিট পেতে পারেন।

### স্ব-নিযুক্তভাবে ন্যাশনাল ইনসিওরেন্সের কন্ট্রিবিউশন এবং মাতৃত্বের এলাউন্স

আপনি যদি যে কোন সপ্তাহে স্বনিযুক্ত হিসাবে কাজ করেন এবং ক্লাস ২ ন্যাশনাল ইনসিওরেন্স দিয়ে থাকেন তাহলে এটা মনে করা হবে যে আপনাএ সাধারন মানের মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা আছে। যে সকল সপ্তাহগুলিতে আপনি ক্লাস ২ ন্যাশনাল ইনসিওরেন্স দিয়েছেন, সেই সপ্তাহগুলির শেষে আপনি মাতৃত্বের এ্যালাউন্স পাবেন। আপনি যদি আপনার ১৩ সপ্তাহ সময়ের প্রত্যেক সপ্তাহে ক্লাস ২ ন্যাশনাল ইনসিওরেন্স দিয়ে থাকেন, তাহলে আপনি মাতৃত্বের এ্যালাউন্সের সাধারন মান সপ্তাহে ১০০ পাউন্ড করে পাবেন।

আপনার যদি স্মল আর্নিং এক্সপেশান সার্টিফিকেট থেকে থাকে, তাহলে যে সপ্তাহগুলি এই সার্টিফিকেটের অন্তর্ভুক্ত, সেই সপ্তাহগুলির শেষে আপনার মাতৃত্বের এ্যালাউন্সের বেতন রোজগার আছে বলে হিসাব করা হবে। যদি ১৩ সপ্তাহ সময়ে আপনি এই স্মল আর্নিং সার্টিফিকেটের অন্তর্ভুক্ত হয়, তাহলে আপনি আপনার রোজগারের ৯০ ভাগ মাতৃত্বের এ্যালাউন্স পাবেন। এর পরিমান হল সপ্তাহে ২৭ পাউন্ড।

## মাতৃত্বের এ্যালাউন্সের দাবী করা

যে সপ্তাহে আপনার বাচ্চার জন্ম হওয়ার কথা, সেই সপ্তাহের ১৪ সপ্তাহ আগে এম,এ,১ (MA1) ফর্ম পূরণ করুন। এই ফর্মের সঙ্গে মে.এ.টি.বি ১ (MATB1) সার্টিফিকেট দিয়ে আপনার স্থানীয় জবসেন্টার প্লাস/সোশ্যাল সিকিউরিটির অফিসে পাঠান।

যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করুন, এমন কি এই ফর্ম পূরণ করার জন্য যদি সেই সময় কাজ/চাকরি করছেন অথবা আপনার কাছে ডাক্তারী প্রমাণ পত্র বা অন্য কোন তথ্য নাও থেকে থাকে। আপনি সেগুলি পরে পাঠাতে পারবেন।

আবেদন করতে দেরী করবেন না। আপনি যদি আপনার 'মাতৃত্বের সময়ের' তিন মাসের বেশী সময়ের পরে আবেদন করেন, তাহলে আপনি এই অর্থ কম পাবেন।

আপনি এটা পাওয়ার যোগ্য কি না, সেটা জবসেন্টার প্লাস ঠিক করবে। তারা আপনাকে, আপনি কতটা মাতৃত্বের এ্যালাউন্স পেতে পারেন অথবা আপনার যদি এটা পাওয়ার যোগ্যতা না থাকে, সেটা লিখিতভাবে জানাবে।

## আপনার মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা নেই

আপনাকে যদি বলা হয় যে আপনার মাতৃত্বের এ্যালাউন্স পাওয়ার যোগ্যতা নেই, কিন্তু আপনি মনে করেন যে সেই সিদ্ধান্ত ভুল, তাহলে জবসেন্টার প্লাসকে আপনার আবেদন পুনর্বিবেচনা করতে বলুন, অথবা এই সিদ্ধান্তের এক মাসের ভিতর ইনডিপেন্ডেন্ট ট্রাইবুনালের কাছে আবেদন করুন।

আপনার যদি মাতৃত্বের এ্যালাউন্স  পাওয়ার যোগ্যতা না থাকে, তাহলে স্বাভাবিকভাবেই জবসেন্টার প্লাস আপনার ইনক্যাপাসিটি বেনিফিট পাওয়ার যোগ্যতা আছে কি না সেটা বিচার করে দেখবে।

## ইনক্যাপাসিটি বেনিফিট

যে সকল মহিলারা গর্ভবতী অথবা তাদের সন্তানের অল্পদিন আগে জন্ম হয়েছে এবং যারা অসুস্থ, তাদের ইনক্যাপাসিটি বেনিফিট পাওয়ার যোগ্যতা আছে।  বাচ্চার জন্মের আগে ছয় সপ্তাহ এবং জন্মের পর দুই সপ্তাহ,  এই প্রত্যেক সপ্তাহে ৫৪ পাউন্ড ৪০ পেনি করে দেওয়া হয়।

যে সকল মহিলাদের মাতৃত্বের এ্যালাউন্স দেওয়া হবে না এবং তারা ইনক্যাপাসিটি বেনিফিটের শর্তগুলি পূরণ করেন তারা ইনক্যাপাসিটি বেনিফিট পেতে পারেন। বাচ্চার জন্মের সপ্তাহের আগের ছয় সপ্তাহে এবং পরের দুই সপ্তাহে এই বেনিফিট দেওয়া হয়ে থাকে।

## ইনক্যাপাসিটি বেনিফিট পাওয়ার যোগ্যতার শর্ত

গত তিন বৎসরের ভিতর আপনি অন্তত: ১ বৎসর ন্যাশনাল ইনসিওরেন্স দিয়েছেন। এই বেনিফিট দাবী করার অব্যবহিত আগে অবশ্যই আপনি গত তিন বৎসরের মধ্যে বাকী দুই বৎসরে আপনি হয় ন্যাশনাল ইনসিওরেন্স দিয়েছেন অথবা আপনার জন্য এটা জমা দেওয়া হয়েছে।

## ইনক্যাপাসিটি বেনিফিটের দাবীর সময়

অসুস্থ হওয়ার দরুন আপনি যদি কাজে/ চাকরিতে ফিরে যেতে অসমর্থ হন তাহলে আপনাকে ইনক্যাপাসিটি বেনিফিট দেওয়া চলতে থাকবে।

ইনক্যাপাসিটি বেনিফিট পাওয়া চালিয়ে যাওয়ার জন্য আপনাকে অবশ্যই ডাক্তারের সার্টিফিকেট দিতে হবে। আপনার যদি মাতৃত্বের এ্যালাউন্স অথবা আইনত: মাতৃত্বের বেতন পাওয়া বন্ধ হয়ে যায়, কিন্তু আপনি অসুস্থ এবং আপনার আইনত: অসুস্থতার বেতন পাওয়ার অধিকার নেই এবং ইনক্যাপাসিটি বেনিফিটের দাবী করতে চাইছেন, তাহলেও আপনাকে ডাক্তারের সার্টিফিকেট পাঠাতে হবে।

সব সময় মনে রাখবেন যে, আপনার অধিকার বজায় রাখার ব্যাপারে যদি কোন সমস্যা দেখা দেয়, তাহলে সবচাইতে তাড়াতাড়ি এবং কার্যকরী উপায়ে এই সমস্যা দূর করার পথ হল আপনার নিয়োগকর্তা/ মনিবের সঙ্গে কথা বলা এবং কোন নিয়মমাফিক পথ অবলম্বন করার আগে বিশেষজ্ঞের উপদেশ নেওয়া।